### Sub-Station Capacity (PGCB only)

2022-23

61,525  
MVA

2021-22

47,675  
MVA



### Transmission Loss

2022-23


3.07%

2021-22

3.05%



বগুড়া ৪০০/২৩০ কেভি গ্রিড উপকেন্দ্র



# পরিচালক পর্ষদের প্রতিবেদন



# পরিচালক পর্ষদের প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহীম  
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,  
আসসালামু আলাইকুম!

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. (পিজিসিবি) এর ২৭তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে স্বাগত ও আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

আপনাদের কোম্পানি পিজিসিবি দেশের বিদ্যুৎ ব্যবস্থার অন্যতম গুরুত্বপূর্ণ অংশ। পিজিসিবি সারাদেশে বিদ্যুৎ সঞ্চালনের দায়িত্বে নিয়োজিত একমাত্র প্রতিষ্ঠান। দেশের অর্থনৈতিক উন্নয়নে সবার নিকট মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য নির্ভরযোগ্য সঞ্চালন ব্যবস্থা গড়ে তোলার রূপকল্প নিয়ে পিজিসিবি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে প্রতিষ্ঠানটি প্রতিনিয়ত বিদ্যুৎ সঞ্চালন সিস্টেমের পরিবর্তন করে যাচ্ছে। কোম্পানির মূল লক্ষ্য হচ্ছে- ন্যাশনাল গ্রিডকে ক্রমোন্নয়নের মাধ্যমে আরও দক্ষ ও কার্যকর করে গড়ে তোলা। এ লক্ষ্যে পিজিসিবি প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন, প্রাথমিক সম্ভাব্যতা যাচাই, অনুসন্ধান, গবেষণা, প্রকৌশল ডিজাইন প্রস্তুতের মাধ্যমে সঞ্চালন লাইন এবং গ্রিড উপকেন্দ্র নির্মাণ করে যাচ্ছে। একইসঙ্গে সঞ্চালন লাইন, গ্রিড উপকেন্দ্র, লোড ডিসপ্যাচ সেন্টার ও যোগাযোগ সুবিধাসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করাও এর লক্ষ্য। নির্ধারিত লক্ষ্য অর্জনে পিজিসিবি অবিচল। পিজিসিবি কোয়ালিটি ম্যানেজমেন্টের আন্তর্জাতিক স্বীকৃত মানের সর্বশেষ ভার্সন ISO ৯০০১:২০১৫ সনদধারী প্রতিষ্ঠান। এছাড়াও কর্মক্ষেত্রে পেশাগত নিরাপত্তা ব্যবস্থাপনা বিষয়ক আন্তর্জাতিক স্বীকৃত মান BS OHSAS ১৮০০১:২০০৭ অর্জন করেছে পিজিসিবি। এ কোম্পানি গঠনের উদ্দেশ্যের মধ্যে আঞ্চলিক, জাতীয় এবং আন্তর্জাতিক উচ্চ ভোল্টেজের নেটওয়ার্ক সিস্টেমের মধ্যে সমন্বয় সাধন এবং পরিচালন অন্তর্ভুক্ত রয়েছে। বিদ্যুৎ সেক্টরে পরামর্শ সেবা প্রদান, ইউটিলিটি প্রতিষ্ঠানের বিদ্যুৎ বিষয়ক সামগ্রিক নির্মাণ কাজ বাস্তবায়ন, বিদ্যুৎ ক্রয়-বিক্রয়ও পিজিসিবি'র মেমোরেন্ডাম-এ উল্লেখ করা হয়েছে।

কোম্পানি আইন অনুযায়ী, প্রতিবছর বার্ষিক সাধারণ সভার মাধ্যমে পিজিসিবি শেয়ারহোল্ডারদের কাছে বিগত অর্থবছরের পূর্ণাঙ্গ কার্যক্রম তুলে ধরে। এর মধ্য দিয়ে প্রতিষ্ঠানের সুষ্ঠু পরিচালনা ও জবাবদিহিতার সংস্কৃতি অনুসরণের প্রচেষ্টা অব্যাহত আছে। এজিএম-এ শেয়ারহোল্ডারদের প্রদত্ত মূল্যবান ও যৌক্তিক

পরামর্শগুলো পিজিসিবি গুরুত্বের সঙ্গে বিবেচনা করে আসছে।

পিজিসিবির ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রমের উপর পরিচালকগণের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করা হচ্ছে-

## কোম্পানির মানব সম্পদ ও কারিগরি কাঠামো

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. এর দক্ষ ও অভিজ্ঞ কর্মীগণ পুরো সিস্টেমের সুষ্ঠু পরিচালন, ব্যবস্থাপনা ও সংরক্ষণের কাজে নিয়োজিত। বর্তমানে সারাদেশে বিদ্যুৎ সঞ্চালনের জন্য ৪০০ কেভি ক্ষমতাসম্পন্ন ১,৯৭২ সার্কিট কিলোমিটার, ২৩০ কেভি ক্ষমতাসম্পন্ন ৪,২৩৬ সার্কিট কিলোমিটার এবং ১৩২ কেভি ক্ষমতাসম্পন্ন ৮,৫০৯ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন রয়েছে। সেই সঙ্গে স্থাপিত ৪০০ কেভি ক্ষমতাসম্পন্ন একটি এইচভিডিসি ব্যাক-টু-ব্যাক স্টেশন (দুটি ব্লক সম্পন্ন) এর মাধ্যমে ভারত হতে প্রতিদিন ১,০০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হচ্ছে।

এছাড়াও সাতটি ৪০০/২৩০ কেভি গ্রিড উপকেন্দ্র, চারটি ৪০০/১৩২ কেভি গ্রিড উপকেন্দ্র, ৩০টি ২৩০/১৩২ কেভি গ্রিড উপকেন্দ্র, পাঁচটি ২৩০/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র এবং ১৬৮টি ১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র রয়েছে (অন্যান্য সংস্থাসহ)। কোম্পানি আলোচ্য ২০২২-২৩ অর্থবছরে অবকাঠামোগুলো দক্ষতার সাথে পরিচালন ও রক্ষণাবেক্ষণ করেছে। দেশজুড়ে সঞ্চালন ব্যবস্থা সমৃদ্ধ করার পাশাপাশি বিদ্যুৎ আমদানি-রপ্তানির জন্য ভারতের সঙ্গে তিনটি আন্তঃদেশীয় বিদ্যুতের গ্রিড সিস্টেম গড়ে তোলা হয়েছে। বর্তমানে প্রতিদিন ভারত হতে কুষ্টিয়ার ভেড়ামারা হয়ে ১,০০০ মেগাওয়াট, কুমিল্লা হয়ে ১৬০ মেগাওয়াট এবং আদানি বিদ্যুৎ কেন্দ্র থেকে রহনপুর হয়ে ১৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা সম্ভব হচ্ছে। স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির পাশাপাশি আমদানি চলমান থাকায় দেশে বিদ্যুৎ ঘাটতি না থাকলেও কোন কোন স্থানে কিছুটা সঞ্চালন সীমাবদ্ধতা রয়েছে, যা দূর করতে বিভিন্ন প্রকল্পের অধীনে পিজিসিবি উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে।

প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে নির্ভরযোগ্য বিদ্যুৎ সঞ্চালনের লক্ষ্য অর্জনে পিজিসিবি দক্ষ ও কার্যকর মানব সম্পদ ব্যবস্থাপনা করছে। ২০২২-২৩ অর্থবছর শেষ প্রান্তে পিজিসিবিতে মোট ৩,২৯৩ জন কর্মকর্তা ও কর্মচারী কর্মরত ছিলেন। আলোচ্য অর্থবছরে কোম্পানি ২৮ জন নতুন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ দিয়েছে।




## কর্মযুক্ত পরিচালনা

বর্তমানে Integrated Energy & Power Master Plan (IEPMP) -২০২৩ এর সাথে সামঞ্জস্যতা রেখে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন “ঘরে ঘরে বিদ্যুৎ” বাস্তবায়নে পিজিসিবি শক্তিশালী গ্রিড নেটওয়ার্ক গড়ে তোলার কাজ জোরদার করেছে। এ লক্ষ্যে ১৩২ কেভি, ২৩০ কেভি, ৪০০ কেভি গ্রিড উপকেন্দ্র এবং সঞ্চালন লাইন নির্মাণ কাজ দ্রুত গতিতে বাস্তবায়ন করতে জিওবি, নিজস্ব এবং বিভিন্ন অর্থায়নকারী সংস্থার অর্থে প্রকল্প গ্রহণ করা হয়েছে। বিগত অর্থবছরে পিজিসিবি ৭০০.০৯৭ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন এবং ১৬টি উপকেন্দ্র নির্মাণ/আপগ্রেডেশন এর মাধ্যমে ৪,১৫৩ এমভিএ ক্ষমতা বৃদ্ধি করেছে। বিগত দশ বছরে উল্লেখযোগ্যভাবে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে। উৎপাদিত বিদ্যুৎ এবং ভবিষ্যতে উৎপাদিতব্য অধিকতর বিদ্যুৎ সঞ্চালন করতে পিজিসিবি টেকসই উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে। আলোচ্য ২০২২-২৩ অর্থবছরে ৮১,৩৯৪ মিলিয়ন কিলোওয়াট ঘন্টা বিদ্যুৎ সঞ্চালন অবকাঠামোর মাধ্যমে বিতরণ প্রতিষ্ঠানগুলোর নিকট পৌঁছে দেওয়া হয়েছে, যার পরিমাণ পূর্ববর্তী অর্থবছর অপেক্ষা প্রায় ৪.২২ শতাংশ বেশি। উৎপাদন ক্ষমতা বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্যতা রেখে এবং সঞ্চালন অবকাঠামো বৃদ্ধির ফলে আগামী বছরগুলোতে উচ্চ ভোল্টেজের বিদ্যুৎ সঞ্চালন আরো বৃদ্ধি পাবে। পূর্বের অর্থবছরের তুলনায় আলোচ্য অর্থবছরে ৪০০ কেভি সঞ্চালন অবকাঠামো ৩২ শতাংশ বাড়ানো হয়েছে।

উৎপাদন ব্যবস্থা ও পিজিসিবি'র সঞ্চালন নেটওয়ার্কের উন্নয়নের মাধ্যমে ২০১৩-২০১৪ অর্থবছর হতে গত দশ বছরের নিট বিদ্যুৎ উৎপাদন এবং সঞ্চালনের একটি পরিসংখ্যান নিচের সারণিতে দেখানো হলো:

বিগত দশ বৎসরের নিট বিদ্যুৎ উৎপাদন এবং সঞ্চালন



সারণি-১ : বিগত ১০ বছরের নিট বিদ্যুৎ উৎপাদন এবং সঞ্চালন।

## রক্ষণাবেক্ষণ

বিগত ২০২২-২৩ অর্থবছরেও পূর্বের ন্যায় সঞ্চালন সিস্টেম কার্যকর রাখার উদ্দেশ্যে পরিকল্পিত সংরক্ষণ কার্যক্রম অব্যাহত ছিল। বাংলাদেশে শুরু শীত মৌসুমে বিদ্যুতের চাহিদা সাধারণভাবে কম থাকে। সে সময় অর্থাৎ ডিসেম্বর থেকে মার্চ পর্যন্ত বাৎসরিক সংরক্ষণ কার্যক্রম সম্পাদন করা হয়। দক্ষ সংরক্ষণ কার্যক্রমের ফলে ছোটখাটো সমস্যাগুলো মোকাবেলা করে সঞ্চালন নেটওয়ার্ক সচল রাখা সম্ভব হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে সমগ্র সিস্টেমে সঞ্চালন লাইনের প্রাপ্যতা (availability) ছিল ৯৯.৯৮ শতাংশ এবং গ্রিড উপকেন্দ্রের প্রাপ্যতা ছিল ৯৯.৯৮ শতাংশ। বিগত বছরে বিদ্যুৎ সঞ্চালন লস ৩.০৭ শতাংশ।

২০১৩-২০১৪ হতে ২০২২-২৩ পর্যন্ত সময়ের সঞ্চালন নেটওয়ার্কের প্রাপ্যতা নিচের সারণিতে দেখানো হলো:

ক্রমিক নং	অর্থ বছর	প্রাপ্যতা	
		সঞ্চালন লাইন	গ্রিড উপকেন্দ্র
১	২০১৩-২০১৪	৯৯.৯৮%	৯৯.৯৬%
২	২০১৪-২০১৫	৯৯.৯৭%	৯৯.৯৯%
৩	২০১৫-২০১৬	৯৯.৯৮%	৯৯.৯৯%
৪	২০১৬-২০১৭	৯৯.৯৭%	৯৯.৯৮%
৫	২০১৭-২০১৮	৯৯.৯৯%	৯৯.৯৯%
৬	২০১৮-২০১৯	৯৯.৯৯%	৯৯.৯৯%
৭	২০১৯-২০২০	৯৯.৯৯%	৯৯.৯৯%
৮	২০২০-২০২১	৯৯.৯৯%	৯৯.৯৯%
৯	২০২১-২০২২	৯৯.৯৭%	৯৯.৯৬%
১০	২০২২-২০২৩	৯৯.৯৮%	৯৯.৯৮%

সারণি-২: বিগত ১০ বছরের সঞ্চালন নেটওয়ার্কের প্রাপ্যতা।

২০১৩-২০১৪ অর্থবছর হতে আলোচ্য ২০২২-২৩ অর্থবছরের সঞ্চালন লস এর পরিসংখ্যান নিম্নের সারণিতে উল্লেখ করা হয়েছে:

ক্রমিক নং	অর্থবছর	শতকরা হিসাবে সঞ্চালন লস
১	২০১৩-২০১৪	২.৮২
২	২০১৪-২০১৫	২.৭৭
৩	২০১৫-২০১৬	২.৮৬
৪	২০১৬-২০১৭	২.৬৭
৫	২০১৭-২০১৮	২.৬০
৬	২০১৮-২০১৯	২.৭৫
৭	২০১৯-২০২০	২.৯৩
৮	২০২০-২০২১	৩.০৫
৯	২০২১-২০২২	২.৮৯
১০	২০২২-২০২৩	৩.০৭

সারণি-৩: বিগত ১০ বছরের সঞ্চালন লস।

## বিদ্যুৎ উপ-খাতের বর্তমান ও ভবিষ্যৎ অবস্থান

বাংলাদেশে যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন, শিল্প, কৃষিকাজ, মানবসম্পদ উন্নয়ন, আধুনিক জীবনযাত্রা, স্বাস্থ্যসেবা সম্প্রসারণের জন্য বিদ্যুতের চাহিদা ক্রমশ বৃদ্ধি পেয়ে চলেছে। বাংলাদেশ সরকার সময়বদ্ধ বিদ্যুৎ উৎপাদনের অনেকগুলো পরিকল্পনা গ্রহণ করেছে। সরকারের মাস্টার প্ল্যান অনুসারে বিদ্যুৎ উৎপাদন ২০২৫ খ্রিস্টাব্দে ৩০,০০০ মে.ও., ২০৩০ খ্রিস্টাব্দে ৪০,০০০ মে.ও. এবং ২০৪১ খ্রিস্টাব্দে ৬০,০০০ মে.ও. করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। বিগত চৌদ্দ বছরে এ খাতে ব্যাপক সফলতা অর্জন সম্ভব হয়েছে, যা নিম্নরূপ:

বিদ্যুৎ উপ-খাত		সাল		বৃদ্ধি	শতকরা হার (%)
		২০০৯	২০২৩		
সঞ্চালন	লাইন (সার্কিট কি.মি.)	৮,০০০	১৪,৭১৭	৬,৭১৭	৮৩.৯৬
	উপকেন্দ্রের ক্ষমতা (এমভিএ)	১৫,৮৭০	৬১,৫২৫	৪৫,৬৫৫	২৮৭.৬৮
উৎপাদন ও বিতরণ	বিদ্যুৎ উৎপাদনে স্থাপিত ক্ষমতা (মেগাওয়াট)	৪,৯৪২	২৮,১৩৪	২৩,১৯২	৪৬৯.২৮
	জনপ্রতি বিদ্যুৎ উৎপাদন (কিলোওয়াট ঘন্টা)	২২০	৬০৯	৩৮৯	১৭৬.৮২
	বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী (%)	৪৭	১০০	৫৩	১১২.৭৭

বিদ্যুৎ খাতে সরকারের উন্নয়ন পরিকল্পনার সঙ্গে তাল মিলিয়ে পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. সঞ্চালন নেটওয়ার্ক সম্প্রসারণ এবং সঞ্চালন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে চলেছে। তবে বিনিয়োগ, পরিচালন ও সঞ্চালন ব্যয় বৃদ্ধির সাথে সামঞ্জস্য রাখতে বিদ্যুতের সঞ্চালন ট্যারিফ বাড়ানো প্রয়োজন এবং এ লক্ষ্যে কাজ চলমান।

## কোম্পানির চলমান অবস্থা/ধারাবাহিকতা (Continuity)

২০২২-২৩ অর্থ বছরে পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড -এর কর পরবর্তী ক্ষতি হয়েছে ৬২৬.৫৭ কোটি টাকা। ২০২১-২২ অর্থবছরে কোম্পানির কর পরবর্তী মুনাফা ছিল ১২১.২৪ কোটি টাকা। বিগত অর্থবছরের তুলনায় আলোচ্য অর্থবছরে পিজিসিবি'র মোট আয় ও মোট খরচ যথাক্রমে ২০৬.১০ কোটি এবং ১,০২১.৪৪ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। আয়ের তুলনায় খরচ অধিক হারে বৃদ্ধি পাওয়ায় কোম্পানির লাভ ব্যাপকহারে হ্রাস পেয়েছে। বিগত অর্থবছরের তুলনায় আলোচ্য অর্থবছরে পিজিসিবি'র বৈদেশিক মুদ্রার বিনিময় হার তারতম্যজনিত ক্ষতি ৭৩৮.৮৫ কোটি টাকা বৃদ্ধি পাওয়ার কারণে কোম্পানির মোট খরচ ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। আলোচ্য অর্থ বছরে কোম্পানি ০৯ টি সমাপ্ত প্রকল্পের ব্যয় ওয়ার্ক-ইন-প্রগ্রেস

হতে স্থায়ী সম্পদে স্থানান্তরিত করেছে। আর্থিক বছর ২০২২-২৩ ব্যতীত বিগত প্রতি বছর পিজিসিবি'র অগ্রগতির চিত্র ছিল সংশ্লিষ্ট সকলের কাছে আশার বিষয়। ভবিষ্যতে পিজিসিবি যৌক্তিকভাবে আরও বেশি মুনাফা অর্জন করতে সক্ষম হবে বলে আশা করা হচ্ছে যদি সরকারের সহায়তায় বৈদেশিক মুদ্রার বিনিময় হার তারতম্যজনিত ক্ষতি নিয়ন্ত্রণ করা যায়।

## ঝুঁকি এবং উদ্বেগ

বিদ্যুৎ সঞ্চালন অবকাঠামো নির্মাণ, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ এবং তাদেরকে প্রয়োজনমত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। দেশে প্রয়োজনীয় বিভিন্ন প্রকারের ও পরিমাণের মানসম্পন্ন বিদ্যুৎ সঞ্চালন যন্ত্রপাতি প্রস্তুত হয় না। এগুলো বিদেশ হতে আমদানি করতে হয়। সাম্প্রতিক বছরগুলোতে একটি দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠান ২৩০/১৩২ ও ১৩২/৩৩ কেভি ট্রান্সফরমার এবং তিনটি প্রতিষ্ঠান এমএস টাওয়ার সেকশন উৎপাদন করছে। ইনসুলেটর এবং বিদ্যুৎ পরিবাহী সঞ্চালন তার এখনো বিদেশ হতে আমদানি করতে হচ্ছে। সরকারি প্রতিষ্ঠান 'বাংলাদেশ কেবল শিল্প লিমিটেড, খুলনা' বিদ্যুৎ পরিবাহী সঞ্চালন তার প্রস্তুত শুরু করেছে। দেশীয় প্রতিষ্ঠানের এ খাতে বিনিয়োগের সুযোগ রয়েছে। বিদ্যুৎ সঞ্চালনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি দেশে প্রস্তুত করা হলে এক্ষেত্রে বিদেশ নির্ভরতা হ্রাস পেরে যাবে, এ যাবৎ এক্ষেত্রে উল্লেখযোগ্য অসুবিধার সম্মুখীন হতে হয়নি।

আপনারা জানেন যে, বিদ্যুৎ উপখাতের যে কোন উন্নয়ন কর্মকাণ্ডে বিপুল বিনিয়োগ প্রয়োজন হয়। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. এর জন্য এটি বাস্তবিক অর্থেই একটি উদ্বেগের বিষয়। তবে সরকার নিজস্ব তহবিল হতে এবং উন্নয়ন সহযোগীদের নিকট হতে স্বল্প সুদে দীর্ঘমেয়াদী ঋণ জোগাড় করে দিচ্ছে।

## রিলেটেড পার্টি লেনদেনের বিবরণ

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. এর উদ্যোক্তা শেয়ারহোল্ডার (৭৫%) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) যে সকল অঞ্চলে বিদ্যুৎ বিতরণের দায়িত্ব পালন করে সে সকল অঞ্চলে বিদ্যুৎ সঞ্চালনের দায়িত্ব পিজিসিবি পালন করে আসছে। ২০২২-২৩ অর্থ বছরে বাবিউবো'র নিকট পিজিসিবি'র লেনদেনের বিবরণ নিম্নরূপ:

বিবরণ	কোটি টাকা
Opening Balance 01 July, 2022 (A)	516.20
Add: Revenue during the Year 2022-23 (B)	312.42
Less: Collection/adjustment (C)	132.39
Closing Balance June 30, 2023 (A+B-C)	696.23

আলোচ্য অর্থ বছরে অন্য কোন রিলেটেড পার্টির সঙ্গে লেনদেন হয়নি।

## বাংলাদেশ সরকারের বিনিয়োগ

বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিদ্যুৎ সঞ্চালন সিস্টেমের যাবতীয় সম্পত্তি ও দায়-দেনা গ্রহণ করে সমগ্র দেশে বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা পরিচালনার জন্য পিজিসিবি গঠিত হয়। বিগত ২০০০ খ্রিস্টাব্দ হতে দেশের সমগ্র বিদ্যুৎ সঞ্চালনের দায়িত্ব এ কোম্পানি পালন করে আসছে। দেশের উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখার লক্ষ্যে সরকারের ভিশন ২০৪১ এবং বিদ্যুৎ উৎপাদনের সাথে মিল রেখে নতুন নতুন বিদ্যুৎ সঞ্চালন লাইন ও উপকেন্দ্র তথা সঞ্চালন অবকাঠামো নির্মাণ করা হচ্ছে। প্রতিবছর সঞ্চালন অবকাঠামো নির্মাণের জন্য প্রচুর স্থানীয় ও বৈদেশিক মুদ্রার প্রয়োজন হয়। যা পিজিসিবি'র নিজস্ব অর্থায়নে সম্পাদন করা সম্ভব নয়। দেশের বাণিজ্যিক ব্যাংক ব্যবস্থা থেকে স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী বিপুল পরিমাণ ঋণ পাওয়া সম্ভব নয়। সরকার দেশের উন্নয়নের স্বার্থে সঞ্চালন অবকাঠামো নির্মাণের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগী ও সরকারের নিজস্ব তহবিল হতে পিজিসিবিকে অর্থায়ন করে আসছে। বাংলাদেশ সরকার কর্তৃক কোম্পানিকে যে অর্থ প্রদান করে তা ৬০% ইকুইটি এবং ৪০% ঋণ হিসেবে প্রদান করে। বিগত ৩০ জুন ২০২৩খ্রি. তারিখে পিজিসিবি'র ৭৫% মালিকানা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের। ফলে পিজিসিবি সরকারি মালিকানাধীন কোম্পানি হিসেবে বিবেচিত। পিজিসিবি'র হিসাবে সরকারি বিনিয়োগের ইকুইটির অংশ স্টেটমেন্ট অব ফিন্যান্সিয়াল পজিশন এর ইকুইটি অংশে ডিপোজিট ফর শেয়ার খাতে প্রতি অর্থবছরেই দেখানো হচ্ছে। ৩০ জুন ২০২৩ খ্রি. তারিখে সমাপ্ত বছর শেষে সরকারের ইকুইটি হিসেবে ডিপোজিট ফর শেয়ার খাতে জমার পরিমাণ ছিল টাকা ১০,৫৪৮.৬৭ কোটি (দশ হাজার পাঁচশ আটচল্লিশ কোটি সাতষট্টি লক্ষ) মাত্র।

## ডিপোজিট ফর শেয়ারের অর্থ শেয়ার মূলধনে রূপান্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পিজিসিবি'র বিভিন্ন প্রকল্পে অর্থায়ন করে থাকে। সরকারের অর্থায়নের ৬০% ইকুইটি ও ৪০% ঋণ হিসেবে পিজিসিবিকে প্রদান করা হয়। এই ৬০% ইকুইটির অর্থ ডিপোজিট ফর শেয়ার হিসেবে পিজিসিবি'র উদ্বৃত্ত পত্রে প্রদর্শন করা হয়। গত ১১/০২/২০২০ খ্রি. তারিখে অর্থ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ফিন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) কর্তৃক ডিপোজিট ফর শেয়ারের অর্থ শেয়ার মূলধনে রূপান্তর সংক্রান্ত একটি সার্কুলার জারি করে। উক্ত সার্কুলারে ডিপোজিট ফর শেয়ারের জমাকৃত অর্থ সর্বোচ্চ ছয় মাসের মধ্যে শেয়ার মূলধনে রূপান্তরের জন্য ফিন্যান্সিয়াল রিপোর্টিং এ্যাক্ট (এফআরএ) ২০১৫ এর ধারা ৮(২) (ঘ) মোতাবেক শেয়ার মানি ডিপোজিট সংক্রান্ত গাইড লাইন অনুসরণের কথা উল্লেখ করা হয়েছে। ডিপোজিট ফর শেয়ারকে সাধারণ শেয়ার মূলধনে রূপান্তর করা হলে সাধারণ শেয়ার সংখ্যা বৃদ্ধি পাবে এবং শেয়ার প্রতি আয় ও লভ্যাংশ

হ্রাস পাবে। বিগত ৩০ জুন ২০২২খ্রি. তারিখ পর্যন্ত পিজিসিবিতে ইকুইটি হিসেবে সরকার কর্তৃক প্রদত্ত মোট ৮০৪৩,২৬,৬০,২৩০ টাকা (পিজিসিবি'র ২০২১-২২ অর্থবছরের নিরীক্ষিত প্রতিবেদন অনুযায়ী) এর ৫% অর্থাৎ ৪০২,১৬,০০,০০০ টাকার বিপরীতে ১০ টাকা অভিহিত মূল্যের (১০ টাকা প্রিমিয়াম সহ) ২০,১০,৮০,০০০ টি সাধারণ শেয়ার এবং ৭৬৪১,১০,৬০,২৩০ টাকার বিপরীতে ১০ টাকা অভিহিত মূল্যের ৭৬৪,১১,০৬,০২৩ টি Irredeemable and Noncumulative Preference Share বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সম্মতি সাপেক্ষে “সচিব, বিদ্যুৎ বিভাগ” এর অনুকূলে ইস্যুর বিষয়টি বিগত ০২ সেপ্টেম্বর ২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত পিজিসিবি'র বিশেষ সাধারণ সভা (ইজিএম) -এ সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক অনুমোদিত হয়েছে। পরিশোধিত মূলধন বৃদ্ধির বিষয়ে বিএসইসি'র সম্মতি গ্রহণের জন্য বিগত ২৩ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখে কমিশন বরাবর আবেদন করা হয়েছে। কমিশনের সম্মতি পাওয়া গেলে “সচিব, বিদ্যুৎ বিভাগ” এর অনুকূলে শেয়ার ইস্যু করা হবে।

## পরিচালকগণের সম্মানি পরিশোধ

বিগত ২০২২-২৩ অর্থবছরে পিজিসিবি'র পরিচালক পর্ষদের ২৫টি সভা এবং পর্ষদের সাব-কমিটি সমূহের ৩১টি সভা অনুষ্ঠিত হয়েছে। এসব সভায় অংশগ্রহণের জন্য কোম্পানির সম্মানিত পরিচালকগণকে (স্বতন্ত্র পরিচালক সহ) নির্ধারিত হারে সম্মানি পরিশোধ করা হয়েছে। যার বিস্তারিত বিবরণ অত্র বার্ষিক প্রতিবেদনের করপোরেট গভর্ন্যান্স অংশে উল্লেখ রয়েছে।

## আন্তর্জাতিকীয় গ্রিড সংযোগ ও বিদ্যুৎ আমদানি

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. (পিজিসিবি) বাংলাদেশ সরকারের পক্ষে প্রতিবেশী দেশগুলোর সাথে বিদ্যুৎ ক্ষেত্রে আন্তর্জাতিকীয় গ্রিড সংযোগ স্থাপন কাজ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। পিজিসিবি ইতোমধ্যে ভারতের বহরমপুর হতে বাংলাদেশের কুষ্টিয়ার ভেড়ামারা এবং ভারতের ত্রিপুরা হতে বাংলাদেশের কুমিল্লা পর্যন্ত মোট দু'টি আন্তর্জাতিকীয় গ্রিড সংযোগ স্থাপন করেছে। বর্তমানে ভারতের বহরমপুর হতে কুষ্টিয়ার ভেড়ামারায় ৪০০ কেভি সঞ্চালন লাইনের মাধ্যমে ১,০০০ মেগাওয়াট এবং ত্রিপুরা হতে কুমিল্লায় ১৬০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হচ্ছে।

এছাড়াও আদানি ১,৪৯৬ মে.ও. কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রটি সরাসরি বাংলাদেশের জাতীয় গ্রিডের সাথে সংযুক্ত হয়েছে। বিগত ০৫ নভেম্বর, ২০১৭ তারিখে আলোচ্য বিদ্যুৎ কেন্দ্রের বিষয়ে বিউবো ও আদানি গ্রুপের মধ্যে PPA এবং বাংলাদেশ সরকার, পিজিসিবি ও আদানি গ্রুপের মধ্যে IA স্বাক্ষরিত হয়েছিল। উক্ত বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিতব্য বিদ্যুৎ বাংলাদেশে সঞ্চালনের জন্য পিজিসিবি কর্তৃক গত ৩০ ডিসেম্বর, ২০২২ তারিখে রহনপুর-বগুড়া ৪০০ কেভি



ডাবল সার্কিট সম্বলন লাইন এবং গত ৯ মার্চ ২০২৩ তারিখে বগুড়া ৪০০/২৩০ কেভি, ১৫০০ এমভিএ উপকেন্দ্র ইতোমধ্যে চালু করা হয়েছে যার মাধ্যমে আরও প্রায় ১৫০০ মে.ও. বিদ্যুৎ দেশে আমদানি করা সম্ভব হচ্ছে। বর্তমানে আদানি ১৪৯৬ মে.ও. বিদ্যুৎ কেন্দ্রটির পূর্ণ মাত্রায় পাওয়ার ইভাকুয়েশন করা হচ্ছে। উক্ত বিদ্যুৎ কেন্দ্রটি চালু হওয়ার পর মোট আমদানিকৃত বিদ্যুতের পরিমাণ দাঁড়িয়েছে ২৬৫৬ মে.ও., যা বাংলাদেশের বর্তমান মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার প্রায় ১১ শতাংশ।

অধিকন্তু বিদ্যুৎ খাতে সহযোগিতার আওতায় নেপাল হতে বিদ্যুৎ আমদানির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নেপাল হতে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির নিমিত্ত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, Nepal Electricity Authority (NEA) এবং NTPC Vidyut Vyapar Nigam Limited (NVVN), India এর মধ্যে স্বাক্ষরিত ত্রিপক্ষীয় Power Sales Agreement (PSA) চূড়ান্ত করা হয়েছে। শীঘ্রই বহরমপুর-ভেড়ামারা Transmission link এর মাধ্যমে নেপাল হতে বাংলাদেশে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হবে।

### ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে OPGW

“ডিজিটাল বাংলাদেশ” শীর্ষক সরকারের রূপকল্প বাস্তবায়নে পিজিসিবি এর সম্বলন নেটওয়ার্কের সাথে স্থাপিত Optical Ground Wire (OPGW) বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উচ্চ ভোল্টেজ সম্বলন লাইনের Fault protection ও বজ্রপাত থেকে সুরক্ষার জন্য টাওয়ারসমূহের সর্বোচ্চে গ্রাউন্ড-ওয়ার এর পরিবর্তে বর্তমানে ব্যবহৃত অপটিক্যাল ফাইবার সমৃদ্ধ OPGW প্রযুক্তিটি পিজিসিবি সহ বর্তমান বিশ্বে ইতোমধ্যেই ব্যাপকভাবে সমাদৃত। পিজিসিবি সম্বলন লাইনের ওপরে গ্রাউন্ড-ওয়ার এর পরিবর্তে OPGW এর পরীক্ষামূলক ব্যবহার শুরু হয় সর্বপ্রথম ১৯৯৬ সালে, যার পরিমাণ বর্তমানে প্রায় ৮৩০০ কি. মি.।

দেশব্যাপী সুষ্ঠু বিদ্যুৎ সম্বলন ও সরবরাহের নিমিত্ত বিভিন্ন গ্রিড উপকেন্দ্র এবং বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সাথে National Load Despatch Centre (NLDC) এর Data Transfer, সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা এবং পিজিসিবি’র নিজস্ব Communication System এর জন্য উক্ত OPGW ব্যবহৃত হচ্ছে। অধিকন্তু দেশের টেলিযোগাযোগ ব্যবস্থা সম্প্রসারণে OPGW এর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। পিজিসিবি’র OPGW স্থিত অপটিক্যাল ফাইবারের প্রাপ্যতা ৯৯% এর বেশি হওয়ায় উক্ত অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক একটি শক্তিশালী টেলিকম ট্রান্সমিশন ব্যাকবোন হিসেবে ব্যবহার করে দেশের চলমান তথ্যপ্রযুক্তির বিপ্লবকে অতীতের তুলনায় আরও বেগবান করা হয়েছে যার ফলশ্রুতিতে দেশের অর্থনৈতিক অগ্রগতির ধারা আরও শক্তিশালী হচ্ছে। ইতোমধ্যেই দেশের ৬০ টি জেলা পিজিসিবি’র OPGW’র মাধ্যমে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্কের আওতায় এসেছে।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) প্রণীত Nationwide Telecommunication Transmission Network (NTTN) লাইসেন্সিং গাইডলাইন অনুসরণে অন্যান্য NTTN অপারেটরদের ন্যায় পিজিসিবিও OPGW ব্যবহার করে ইতোমধ্যেই NTTN অপারেটরদের মধ্যে বিটিসিএল, ফাইবার@হোম লি., সামিট কমিউনিকেশন লি. ও বাহন লি. এবং মোবাইল অপারেটরদের মধ্যে টেলিটক বাংলাদেশ লি., বাংলালিংক লি., গ্রামীনফোন লি. ও রবি আজিয়াটা লি. কে কোর-কিলোমিটার ভিত্তিতে OPGW অপটিক্যাল ডার্ক ফাইবার লিজ প্রদান করেছে। প্রতিষ্ঠানসমূহ পিজিসিবি’র লিজকৃত ফাইবার দ্বারা দেশের বিভিন্ন এলাকায় ব্যান্ডউইডথ ট্রান্সমিশন ব্যাকবোন তৈরীর মাধ্যমে জাতীয় টেলিযোগাযোগ অবকাঠামো উন্নয়নে অবদান রাখার পাশাপাশি দেশব্যাপী বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করছে। অধিকন্তু সামাজিক দায়িত্ব পালনের অংশ হিসেবে উচ্চ শিক্ষা কার্যক্রমে সহযোগিতা করণে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) কর্তৃক তাদের অধীনস্থ সংস্থা বিডিউই ট্রাস্ট এর মাধ্যমে সারাদেশের বিশ্ববিদ্যালয় ও গবেষণাগারসমূহে ব্যান্ডউইথ ট্রান্সমিশন করার লক্ষ্যে যে ব্যাকবোন প্রস্তুত করেছে তাতে পিজিসিবি’র অপটিক্যাল ডার্ক ফাইবার কোর ব্যবহার করেছে। সর্বোপরি, মাননীয় প্রধানমন্ত্রীর “ডিজিটাল বাংলাদেশ” বিনির্মাণে স্বপ্নাট্রায় পিজিসিবি’র নিরলস প্রচেষ্টা অব্যাহত থাকবে।

### মানব সম্পদ উন্নয়ন

বাঙালি জাতির অস্তিত্বের প্রতীক, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আজন্ম লালিত স্বপ্ন ‘সোনার বাংলা’ গড়ার দৃঢ় প্রত্যয়কে লালন করে তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী, সাহসী ও সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের ফলে বিদ্যুৎ খাতে ২৪,০০০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতার লক্ষ্যমাত্রাকে অতিক্রম করে এক অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে। মানসম্মত ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সুবিধা এখন আর স্বপ্ন নয় বরং দেশের প্রায় শতভাগ মানুষ বিদ্যুৎ পাচ্ছে। বর্তমান সরকার ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন এর মাধ্যমে একটি উন্নত দেশে পরিণত করতে প্রতিশ্রুতিবদ্ধ। যার সফল বাস্তবায়নের জন্য দক্ষ এবং স্বপ্রণোদিত পেশাদার কর্মীবাহিনী প্রয়োজন। মানবসম্পদ উন্নয়নে তাই পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. (পিজিসিবি) নিরলসভাবে যুগোপযোগী ও মানসম্মত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। পিজিসিবি’র বিভিন্ন প্রকল্প পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নসহ টাওয়ার ও গ্রিড উপকেন্দ্রের কারিগরি নকশা তৈরি, নির্মাণ, কমিশনিং, উপকেন্দ্রসমূহ পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ এর জন্য প্রযুক্তিগতভাবে দক্ষ জনশক্তি প্রয়োজন বিধায় পিজিসিবি’র পরিচালক পর্ষদ টেকসই সম্বলনের স্বার্থে কোম্পানির কর্মকর্তা/কর্মচারীগণের কারিগরি ও ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধির প্রয়াসে

প্রশিক্ষণের উপর সর্বাধিক গুরুত্ব প্রদান করেছে। পিজিসিবি তার প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণের ট্রেনিং নিড এসেসমেন্ট এর মাধ্যমে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন পর্যায়ের সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদি কর্মসূচি আয়োজনের মধ্য দিয়ে মানব সম্পদ উন্নয়নের মহান ব্রত নিয়ে কাজ করে যাচ্ছে।

### প্রশিক্ষণের বিশেষ বিষয়াবলী

আধুনিক ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই বিদ্যুৎখাত সৃষ্টির লক্ষ্যে পিজিসিবিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করার প্রচেষ্টায় পিজিসিবি তার কর্মকর্তা-কর্মচারীদের Training Need Assessment (TNA) করে থাকে। উক্ত TNA কে ভিত্তি ধরে ২০২২-২৩ অর্থ বছরে বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুসরণে জন প্রতি গড়ে ৬০ জনঘন্টা হারে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রাকে সামনে রেখে একটি বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করে যেখানে জাতীয় গ্রিডের পরিচালন ও সংরক্ষণ, দীর্ঘ মেয়াদী সঞ্চালন ব্যবস্থা উন্নয়ন পরিকল্পনা, আধুনিক স্মার্ট গ্রিড, নবায়নযোগ্য জ্বালানি, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, মানব সম্পদ ব্যবস্থাপনা, পরিবেশ ব্যবস্থাপনা, সাইবার সিকিউরিটি, তথ্য ও প্রযুক্তিগত উন্নয়ন, কর্পোরেট ও আর্থিক ব্যবস্থাপনা, সুশাসন প্রতিষ্ঠা, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, ইনোভেশন কৌশল, কোয়ালিটি ম্যানেজমেন্ট, অকুপেশনাল হেলথ এন্ড সেফটি ম্যানেজমেন্ট সিস্টেম, শিল্প সম্পর্ক উন্নয়ন ইত্যাদি বিষয়ের প্রতি গুরুত্ব আরোপ করা হয়েছে। পিজিসিবি তার বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা অনুসারে নিজস্ব ব্যবস্থাপনার পাশাপাশি দেশি বিদেশী স্বনামধন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান এর মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীগণকে যুগোপযোগী ও বাস্তবসম্মত ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করে চলেছে। এছাড়া অনলাইনে জুম মিটিং আইডি ব্যবহার করে এবং প্রযোজ্য ক্ষেত্রে স্বশরীরে এসব প্রশিক্ষণ আয়োজন করেছে। এছাড়াও মাঠ পর্যায়ের সকল দপ্তরের কর্মকর্তাগণের অংশগ্রহণে বাৎসরিক মেরামত ও সংরক্ষণ কাজের সময় অন-জব প্রশিক্ষণ আয়োজন করা হয়। ২০২২-২৩ অর্থ বছরে পিজিসিবি কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মকাণ্ডের একটি সংক্ষিপ্ত পরিসংখ্যান নিম্ন ছকে উপস্থাপন করা হলো:

ক্র. নং	বিবরণ	সংখ্যা
১	কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা (০১ জুলাই ২০২২)	৩৩৮৭
২	জনপ্রতি প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা (জন ঘন্টা)	৬০.০০
৩	মোট প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা (জন ঘন্টা)	২,০৩,২২০
৪	প্রদেয় মোট প্রশিক্ষণ (জন ঘন্টা)	২,০৭,১০২
৫	জনপ্রতি অর্জিত প্রশিক্ষণ (জন ঘন্টা)	৬১.১৫
৬	বাস্তবায়িত প্রশিক্ষণ কর্মসূচি	২৬৪

পিজিসিবিতে যোগদানকৃত নতুন কারিগরি ও অকারিগরি পর্যায়ের কর্মকর্তাগণকে ভবিষ্যতে দক্ষ কর্মকর্তা হিসেবে গড়ে তোলার

লক্ষ্যে বাংলাদেশ পরিচিতি, কারিগরি বিষয়াবলি, ব্যবস্থাপনা ও নেতৃত্বের গুণাবলী, সময় ব্যবস্থাপনা, বিরোধ নিষ্পত্তি দক্ষতা, আর্থিক ব্যবস্থাপনা, আন্তর্জাতিক বিষয়াবলী, চেইঞ্জ ম্যানেজমেন্ট, পরিবেশ ও আইসিটি বিষয়ক আইন ও প্রয়োগ, শৃঙ্খলা ও শিষ্টাচার ইত্যাদি বিষয়ের সমন্বয়ে গঠিত সমন্বিত মডিউলের উপর পিজিসিবি ও বিয়াম ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ধারাবাহিকভাবে দীর্ঘ মেয়াদী বুনিয়াদি প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত রূপকল্প বাস্তবায়নের লক্ষ্যে তথা দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি এবং সর্বোপরি জাতীয় উন্নয়ন ত্বরান্বিত ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে পিজিসিবি ২০২২-২৩ অর্থ বছরে বিদ্যুৎ বিভাগের সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অংশ হিসেবে কর্মকর্তা-কর্মচারীকে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), অভিযোগ প্রতিকার ব্যবস্থা, ই-গভর্নেন্স/ইনোভেশন, তথ্য অধিকার, চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার ও কারখানা পরিদর্শন

বিদ্যুৎ খাতে উদ্ভাবিত আধুনিক প্রযুক্তি ও ব্যবস্থাপনার বিভিন্ন বিষয়ে পিজিসিবির কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কর্ম উপযোগিতা আন্তর্জাতিক মানে উন্নীত করার জন্য বিভিন্ন বিষয়ে বৈদেশিক প্রশিক্ষণ আয়োজন ও প্রকল্পের চাহিদা অনুযায়ী কারখানা পরিদর্শন কার্যক্রমের ব্যবস্থা করা হয়ে থাকে। ২০২২-২৩ অর্থ বছরে ২১ টি বৈদেশিক প্রশিক্ষণ ও ১৮২ টি কারখানা পরিদর্শন সম্পন্ন হয়েছে। বৈদেশিক প্রশিক্ষণে মোট ৪৪ জন ও FAT & PAT এ মোট ২৪৬ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন। আলোচ্য অর্থ বছরে ভারতের The Centre for Development of Advanced Computing (C-DAC), মালয়েশিয়ার Rayguide Management PLT, জাপানের JICA এবং জার্মানীর MR Training Center মতো স্বনামধন্য প্রতিষ্ঠানে পিজিসিবির কর্মকর্তাগণ Circuit Breaker, Contract Management, Project Management, Procurement Management, Integrated Energy and Power Master Plan (IEPMP) & OLTC বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

### ERP বাস্তবায়ন কার্যক্রম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে বিদ্যুৎ বিভাগের সার্বিক তত্ত্বাবধানে ২০১৮ সাল হতে সকল উৎপাদন, সঞ্চালন ও বিতরণ কোম্পানিসমূহে সমন্বিত Enterprise Resource Planning (ERP) বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এ কার্যক্রমে ইতোমধ্যে ৪টি মডিউল যথাক্রমে হিউম্যান রিসোর্স এন্ড পেরোল ম্যানেজমেন্ট মডিউল, ফিন্যান্স এন্ড এসেট ম্যানেজমেন্ট মডিউল, প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট মডিউল

ও ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট মডিউল উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে, যা পিজিসিবি কর্তৃক বিভিন্ন পর্যায়ে ব্যবহার করা হচ্ছে। বর্তমানে আরও ৪টি নতুন মডিউল/সাব-মডিউল যথাক্রমে ইনভেন্টরি ম্যানেজমেন্ট মডিউল, প্লান্ট ম্যানেজমেন্ট সিস্টেম মডিউল, পারফরমেন্স ম্যানেজমেন্ট মডিউল ও টেন্ডার ম্যানেজমেন্ট মডিউল এর উন্নয়ন কাজ চলমান রয়েছে।

### প্রশিক্ষণ জোরদারে ভবিষ্যৎ কর্মসূচি

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. আগারগাঁও ২৩০/১৩২ কেভি গ্রিড উপকেন্দ্র সংলগ্ন এলাকায় পিজিসিবি'র একটি নিজস্ব প্রশিক্ষণ ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করে। দুটি বেজমেন্টসহ ১৪ তলা প্রশিক্ষণ ভবন নির্মাণ কাজটি বর্তমানে চলমান আছে। ভবনটির প্রতি ফ্লোরের পরিমাণ প্রায় ১০,০০০ বর্গফুট। প্রশিক্ষণ ভবনটি নির্মাণ চুক্তির তারিখ ০৯ জানুয়ারি, ২০১৭ ইং এবং মেয়াদ চুক্তির তারিখ হতে ৪৮ মাস যা, গত ০৯ জানুয়ারি ২০২১ ইং এ অতিক্রান্ত হয়েছে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনে ০৯ জানুয়ারি, ২০২৪ ইং তারিখ পর্যন্ত Provisional Time Extension প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ভবনের স্ট্রাকচারাল কাজ সম্পন্ন হয়েছে এবং ফিনিশিং কাজ চলমান আছে। কাজ সম্পাদনের বর্ধিত সময়সীমা ০৯ জানুয়ারি ২০২৪ ইং এর মধ্যে প্রশিক্ষণ ভবনের সম্পূর্ণ নির্মাণ কাজটি সম্পন্ন করার লক্ষ্যে কাজ করা হচ্ছে।

### কর্মসম্পাদন ব্যবস্থাপনা

পিজিসিবিতে কাজের লক্ষ্যমাত্রা ভিত্তিক ফলাফল নির্ভর কর্মসম্পাদন পদ্ধতি চালু রয়েছে। যার বাস্তবায়ন সহায়িকা হিসেবে কর্মকর্তা/কর্মচারীগণের কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণ, বাস্তবায়ন, পরীক্ষণ ও মূল্যায়নের জন্য Electronic Performance Appraisal Book (e-PAB) ও Electronic Performance Appraisal Form (e-PAF) ব্যবহার করা হচ্ছে। এই পদ্ধতি একদিকে প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা অর্জনে ভূমিকা রাখছে, অন্যদিকে এই পদ্ধতি ব্যবহার করে যথাযথ মূল্যায়নের মাধ্যমে যোগ্য ব্যক্তি চিহ্নিত করে ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে তোলা এবং বিভিন্ন রকম আর্থিক ও প্রশাসনিক প্রণোদনা/সুবিধাদি প্রদান করার প্রচেষ্টা চলমান রয়েছে। ডিজিটাল বাংলাদেশের আগামী সোপান ‘স্মার্ট বাংলাদেশ’ গড়ার ক্ষেত্রে এই সকল প্রচেষ্টা মাইলফলক হিসেবে কাজ করবে।

### করপোরেট গভর্ন্যান্স কোড প্রতিপালন

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন ৩ জুন ২০১৮ খ্রি. তারিখ সংশোধিত ও পরিমার্জিত আকারে করপোরেট গভর্ন্যান্স কোড জারি করেছে। সেখানে সুশাসনের জন্য পালনীয় ও বর্জনীয় শর্তাবলী উল্লেখ রয়েছে। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. সেগুলো মেনে চলেছে। কমিশনের ছক অনুসারে একটি বিবরণ এ বার্ষিক প্রতিবেদনের সঙ্গে সন্নিবেশিত করা হয়েছে।

### প্রধান কার্যালয় ভবন নির্মাণ

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. এর পরিচালক পর্যদ নিজস্ব প্রধান কার্যালয় ভবনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে তা নির্মাণের উদ্যোগ গ্রহণ করে। আফতাবনগর, বাড্ডা, ঢাকা মেট্রোপলিটন এলাকায় পিজিসিবি'র ন্যাশনাল লোড ডেসপ্যাচ সেন্টার সংলগ্ন ১.৭৩ একর ভূমিতে দুটি বেজমেন্টসহ ২০ তলা ভবন নির্মাণ কাজ চলছে, যার সর্বমোট ফ্লোর এরিয়ার পরিমাণ ৫৫,০০০ বর্গমিটার। পুরো নির্মাণ কাজ দুই ধাপে সম্পন্ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়। প্রথম পর্যায়ে দুটি বেজমেন্ট সহ ৮ম তলা পর্যন্ত বিল্ডিং নির্মাণ কাজ ইতোমধ্যে শেষ হয়েছে এবং অফিসিয়াল কার্যক্রম চালু আছে। দ্বিতীয় পর্যায়ে অর্থাৎ ৯ম তলা হতে ২০ তম তলা পর্যন্ত বিল্ডিং স্ট্রাকচার নির্মাণ কাজ শেষ হয়েছে। ৯ম হতে ১৪ তলা পর্যন্ত ইন্টেরিয়র কাজ সম্পন্ন হয়েছে এবং অফিস কার্যক্রম চালু হয়েছে। অন্যান্য ফ্লোর এর অভ্যন্তরীণ ফিনিশিং কাজ চলমান আছে। কাজ সম্পাদনের বর্ধিত সময়সীমা ৩১ মার্চ, ২০২৪ ইং তারিখের মধ্যে প্রধান কার্যালয় ভবন সম্পূর্ণ নির্মাণের লক্ষ্য নিয়ে কাজ করা হচ্ছে।

### বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রবর্তিত কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি” (Annual Performance Agreement-APA) সরকারের রূপকল্প বাস্তবায়নের একটি অন্যতম মাধ্যম। পিজিসিবির সার্বিক কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং প্রত্যাশিত ফলাফল অর্জনের লক্ষ্যে পিজিসিবিতে এপিএ পদ্ধতির কার্যকর বাস্তবায়নে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এপিএ এর মাধ্যমে দপ্তর/বিভাগীয় ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে কর্মসম্পাদন পদ্ধতির কাঠামোগত উন্নয়ন ও কার্যকারিতা নিশ্চিত হয়ে থাকে। মন্ত্রণালয়ের সহিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী পিজিসিবি এর বিভিন্ন দপ্তর/বিভাগের কর্মসম্পাদন ক্ষেত্র এবং সুশাসনমূলক কর্মপরিকল্পনা নির্ধারণ করে এবং তা বাস্তবায়ন করে থাকে। সংশ্লিষ্ট অর্থবছর সমাপ্ত হবার পর ঐ বছরের চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের বিপরীতে সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ এবং প্রতিষ্ঠানের প্রকৃত অর্জন মূল্যায়ন করা হয়ে থাকে। ২০১৪-২০১৫ অর্থবছর হতে এপিএ বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়। ২০২০-২১ অর্থবছরে অর্জন ছিল ৯৮.৯%, ২০২১-২২ অর্থবছর অর্জন ছিল ৯৭% এবং ২০২২-২৩ অর্থবছরে প্রস্তাবিত অর্জন ৯৯.৮৪%



(APAMS সফটওয়্যার অনুযায়ী)। পিজিসিবি'র এপিএ টিম কেন্দ্রীয় ব্যবস্থাপনা হতে শুরু করে মাঠ পর্যায়ের ব্যবস্থাপনার বিভিন্ন ধাপে এপিএ চুক্তি সফলভাবে প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণের জন্য কাজ করে যাচ্ছে।

### তথ্য প্রযুক্তি বিষয়ক কার্যক্রম

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যথাযথ ব্যবহার কার্যকরী কর্মপরিকল্পনা তৈরি, স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়ন এবং কাজের গতিকে ত্বরান্বিত করে। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. বিভিন্ন ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে কাগজ বিহীন কর্মক্ষেত্রে বাস্তবায়ন ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে দ্রুত এগিয়ে যাচ্ছে। ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ধারা ১৫ অনুসারে সরকার পিজিসিবিকে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো হিসেবে ঘোষণা করে ২১ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রজ্ঞাপন জারি করেছে। এরই ধারাবাহিকতায় পিজিসিবি ২০২২-২৩ অর্থবছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিগত কার্যক্রম নিম্নরূপ:

১. সাইবার নিরাপত্তা বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো ডিজিটাল নিরাপত্তা সুরক্ষা গাইডলাইন, ২০২২ অনুসরণ করা হচ্ছে।
২. তথ্যসমৃদ্ধ ওয়েবপোর্টাল ও ফেসবুক পেইজ পরিচালনা ও নিয়মিত হালনাগাদকরণ।
৩. ই-নথি সফটওয়্যারের মাধ্যমে দাপ্তরিক সিদ্ধান্ত/অনুমোদন গ্রহণ কার্যক্রম সম্পাদন।
৪. সকল দপ্তরে WiFi সহ উচ্চগতির ইন্টারনেট সংযোগ স্থাপন।
৫. ই-জিপি সফটওয়্যারের মাধ্যমে ক্রয় ও ই-অকশন সফটওয়্যারের মাধ্যমে নিলাম কার্যক্রম সম্পাদন।
৬. স্থানীয় ক্লাউড স্টোরেজ সিস্টেম চালুকরণ।
৭. অনলাইন আবেদন প্রক্রিয়ার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পাদন।
৮. এইচআরএমএস সফটওয়্যারের মাধ্যমে পারসোনেল এডমিনিস্ট্রেশন ও ট্রেনিং কার্যক্রম ব্যবস্থাপনা।
৯. ই-পারফরমেন্স এপ্রাইজাল সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারী পারফরম্যান্স মূল্যায়ন।
১০. স্মার্ট অফিস ও সাইবার সিকিউরিটি বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা।
১১. যোগাযোগ কার্যক্রমে দাপ্তরিক ই-মেইল, এসএমএস গেইটওয়ে এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার।
১২. সাবস্টেশন ইকুইপমেন্ট/লাইন শাটডাউন অনুমোদনের জন্য অনলাইন সফটওয়্যার ব্যবহার।
১৩. সাবস্টেশন ইকুইপমেন্ট সমূহের Health Monitoring এর জন্য সফটওয়্যার ব্যবহার।

১৪. অনলাইন আবেদন প্রক্রিয়ার মাধ্যমে সিপিএফ সদস্যপদ গ্রহণ ও নমিনী তথ্য সংরক্ষণ ও হালনাগাদ কার্যক্রম সম্পাদন।
১৫. অনলাইন সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে জাতীয় গ্রিড উপকেন্দ্রসমূহের পরিচালন তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম সম্পাদন।
১৬. অনলাইন মিটিং/ প্রশিক্ষণ আয়োজন ও পরিচালনা।
১৭. বিদ্যুৎ খাতের সমন্বিত ERP চালুকরণে ব্যবস্থা গ্রহণ।
১৮. গ্রিড সিস্টেম পরিচালনায় SCADA (Supervisory Control and Data Acquisition) এর ব্যবহার।
১৯. সারা দেশে ফাইবার অপটিক নেটওয়ার্ক ইনফ্রাস্ট্রাকচার স্থাপন ও লিজিং এর মাধ্যমে দ্রুতগতির ডাটা কানেক্টিভিটি নিশ্চিতকরণ।

### সামাজিক দায়বদ্ধতা কর্মসূচী (সিএসআর)

পিজিসিবি শিক্ষার প্রসারে কাজ করেছে। পাবনা জেলার ঈশ্বরদীতে অবস্থিত জয়নগর পিজিসিবি উচ্চ বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম চলছে। এ বিদ্যালয়ে কর্মকর্তা-কর্মচারীদের সন্তানসহ পার্শ্ববর্তী এলাকার অনেক শিক্ষার্থী লেখাপড়া করে। শিক্ষকদের নিবিড় পরিচর্যা ও তদারকির ফলে এ এলাকার শিক্ষার্থীরা বোর্ড পরীক্ষাসহ বিভিন্ন পরীক্ষায় ভালো ফলাফল অর্জন করে। বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড ১৯৭৭ সালে এই বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেছে। পরবর্তীতে, এই বিদ্যালয়টিকে পিজিসিবি কর্তৃপক্ষের অধীন হস্তান্তর করা হয়েছে। পিজিসিবি উক্ত বিদ্যালয়ের সকল প্রকার খরচ বহন করে। ২০২২-২৩ সালে পিজিসিবি স্কুলের জন্য ২.৫২ কোটি (প্রায়) টাকা ব্যয় করেছে। তাছাড়া, সামাজিক দায়বদ্ধতা পালনে, পিজিসিবি বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কাজে ৬৪ লক্ষ (প্রায়) টাকা ব্যয় করেছে।

### বাণিজ্যিক অবস্থা

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. ২০২২-২৩ অর্থ বছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি., ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি., পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. এবং নর্দান ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি. কে দেশের বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হতে উৎপাদিত ও ভারত হতে আমদানীকৃত বিদ্যুৎ সরবরাহ করছে। এজন্য পিজিসিবি কর্তৃক হুইলিং চার্জ বাবদ প্রতি কিলোওয়াট আওয়ারের জন্য ২৩০ কেভি লেভেলে টাকা ০.২৮৫৭, ১৩২ কেভি লেভেলে টাকা ০.২৮৮৬ এবং ৩৩ কেভি লেভেলে টাকা ০.২৯৪৪ হারে চার্জ করেছে যা BERC কর্তৃক নির্ধারণ করা হয়েছে।

আয়সমূহ	বকেয়া (কোটি টাকা) (০১/০৭/২০২২)	মোট হুইলিং এবং অপটিক্যাল ফাইবার আয় (কোটি টাকা) (২০২২-২৩)	আদায়/সমন্বয় (কোটি টাকা) (২০২২-২৩)	বকেয়া (কোটি টাকা) (৩০/০৬/২০২৩)	মন্তব্য
	টাকা	টাকা	টাকা	টাকা	
হুইলিং চার্জ	৯২১.৮৫	২,৩৬৩.১২	২,১২৩.৫০	১,১৬১.৪৬	গড় বকেয়া ৫.১৩ মাসের হুইলিং চার্জ এবং অপটিক্যাল ফাইবার আয় এর সমান
অপটিক্যাল ফাইবার	০.৩৯	৭৭.০৩	৭৬.৫৪	০.৮৮	
সর্বমোট	৯২২.২৪	২,৪৪০.১৫	২,২০০.০৪	১,১৬২.৩৪	

### আর্থিক চিত্র

২০২২-২৩ অর্থ বছর শেষে কোম্পানির মোট স্থায়ী সম্পদের পরিমাণ দাঁড়ায় ২৯,৫২৯.৩৬ কোটি টাকা; নীট স্থায়ী সম্পদের মূল্য ছিল ১৯,৪০০.১৪ কোটি টাকা। দায়-মূলধনের অনুপাত ৭৮ : ২২। আলোচ্য অর্থ বছরে পিজিসিবি সরকারের ডেট সার্ভিস লায়ালিটি বাবদ ৫৮৮.৪৫ কোটি টাকা পরিশোধ করেছে।

২০২২-২৩ অর্থ বছরে কোম্পানি হুইলিং চার্জ বাবদ মোট ২,৩৬৩.১২ কোটি টাকা এবং অপটিক্যাল ফাইবার লিজ বাবদ ৭৭.০৩ কোটি টাকা রাজস্ব আয় করেছে। সুদসহ অন্যান্য আয় ছিল মোট ১৯৬.৩৩ কোটি টাকা। এতে সর্বমোট রাজস্ব আয় হয়েছে ২,৬৩৬.৪৮ কোটি টাকা। সর্বমোট ব্যয় হয়েছে ৩,৩১৮.২৪ কোটি টাকা, ফলে করপূর্ব ক্ষতি হয়েছে ৬৮১.৭৬ কোটি টাকা। এ বছর পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি. এর আয়কর আয়ের পরিমাণ ৫৫.১৯ কোটি টাকা। ফলে কর পরবর্তী নিট ক্ষতি হয়েছে ৬২৬.৫৭ কোটি টাকা। গ্র্যাটুইটি

এর Actuary Valuation এর ফলে Other Comprehensive Income হয়েছে ৮.৫১ কোটি টাকা। সুতরাং, কোম্পানির মোট Comprehensive Loss হয়েছে ৬১৮.০৬ কোটি টাকা।

আলোচ্য অর্থ বছরে নীট স্থায়ী সম্পদের উপর করপূর্ব মুনাফা অর্জন হয়েছে ৬.৬০%। এ বছরে কোম্পানি ৪,৯৩৮.৩৬ কোটি টাকা ওয়ার্ক- ইন-প্রগ্রেস হতে স্থায়ী সম্পদে স্থানান্তরিত করেছে; ফলে অবচয় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পায়। সামগ্রিকভাবে বিদ্যুৎ সঞ্চালন ৪.৩৬% বৃদ্ধি পেয়েছে। গত বছর অপেক্ষা আলোচ্য অর্থ বছরে হুইলিং রাজস্ব আয় ৪.৪৬% বৃদ্ধি পেয়েছে।

আলোচ্য ২০২২-২৩ অর্থ বছরে উদ্যোক্তা শেয়ারহোল্ডার ব্যতীত সাধারণ শেয়ারহোল্ডারদের ১০% নগদ লভ্যাংশ প্রদানের জন্য কোম্পানির পরিচালনা পর্ষদ সুপারিশ করেছে।

বিগত ২০১৬-১৭ অর্থ বছর হতে ২০২২-২৩ অর্থ বছরের আর্থিক কর্মের সংক্ষিপ্ত তুলনামূলক উপাত্ত নিচের সারণীতে উল্লেখ করা হলো:

অর্থ বছর	হুইলিং আয় (কোটি টাকায়)	অপটিক্যাল ফাইবার আয় (কোটি টাকায়)	করপূর্ব মুনাফা /(ক্ষতি) (কোটি টাকায়)	কর পরবর্তী মুনাফা/(ক্ষতি) (কোটি টাকায়)	নীট স্থায়ী সম্পদের বিপরীতে অর্জন (%)	মোট স্থায়ী সম্পদ (কোটি টাকায়)	পরিশোধিত মূলধন (কোটি টাকায়)	দেনাদার আবর্তন (মাস)
২০১৬-১৭	১,৪১৬.৮৪	১৯.৯৯	২৮৭.৬১	১৯৯.৫৭	৫.৯৭	১৭,৭১৮.৬৯	৪৬০.৯১	২.২৭
২০১৭-১৮	১,৫৩৫.১৫	২৩.৮৬	২৬৬.৩০	২১৮.০৩	৫.২০	১৮,৩৭৫.২২	৪৬০.৯১	২.৪৯
২০১৮-১৯	১,৭৪৭.০০	৩১.২৮	৪২৩.৫০	৩৮৪.০০	৫.৭৭	২১,৩১২.৮৪	৪৬০.৯১	৩.৭৪
২০১৯-২০	১,৮৩৮.৮৫	৩৫.২১	৪৭০.৪৩	২৪৪.৫৬	৬.৫৪	২১,৭০০.৮৬	৭১২.৭৩	৩.৭৬
২০২০-২১ (restated)	২,১০৫.৫৩	৫০.২৬	৩৯৮.২৯	২৯২.২১	৬.১৫	২২,২৪১.১৯	৭১২.৭৩	৩.৮৯
২০২১-২২ (restated)	২,২৬২.২৯	৭১.৩১	১৩৩.৫৮	১২১.২৪	৭.৬৯	২৪,৬১২.৫৬	৭১২.৭৩	৪.৩৭
২০২২-২৩	২,৩৬৩.১২	৭৭.০৩	(৬৮১.৭৬)	(৬২৬.৫৭)	৬.৬০	২৯,৫২৯.৩৬	৭১২.৭৩	৫.১৩

স্মরণীয় : বিগত সাত বছরের বাণিজ্যিক কার্যক্রমের উপর আর্থিক অবস্থা।

### বহিঃ নিরীক্ষকের পর্যবেক্ষণ

বহিঃ নিরীক্ষক প্রতিষ্ঠান Hoda Vasi Chowdhury & Co Chartered Accountants এবং M. J. Abedin & Co Chartered Accountants ২০২২-২৩ অর্থ বছরে কোম্পানির

আর্থিক বিবরণীর উপর তাদের নিরীক্ষিত প্রতিবেদন জমা দিয়েছে। তাদের অনুসন্ধানে এগারোটি প্রধান বিষয় উল্লেখযোগ্য:

০১। আর্থিক বিবৃতিতে নোট # ৩.১ এবং ৫.১ এ প্রকাশ করা হয়েছে, কোম্পানি ২০২২-২০২৩ সালের ৩০ জুন

২০২৩ পর্যন্ত মোট ১৯,২৭৮,৯১৫,৬২৬ টাকার বৈদেশিক মুদ্রার বিনিময় হার হ্রাসবৃদ্ধিজনিত ক্ষতি Capitalized যার মধ্যে ১৩,০১৯,৪১৯,১৮১ টাকা কোম্পানি আইন ১৯৯৪ এর ধারা ১৮৫ (তফসিল-XI, পার্ট-১) অনুসারে প্রকল্পের Work-in-progress ব্যয়ের সাথে Capitalized করেছে। এক্ষেত্রে IAS 21-The Effects of Changes in Foreign Exchange Rates অনুসরণ করা হয়নি যেখানে বলা আছে বৈদেশিক মুদ্রা সংশ্লিষ্ট আর্থিক আইটেমগুলি নিম্নলিখিত বা আর্থিক বছর সমাপনী তারিখে দেশীয় মুদ্রায় হিসাবভুক্তির ক্ষেত্রে যে হারে প্রাথমিকভাবে স্বীকৃত হয়েছিল বা পূর্ববর্তী আর্থিক বিবৃতিতে যে হারে স্বীকৃত করা হয়েছিল তার সাথে মুদ্রার বিনিময় হারের যে পার্থক্য উদ্ভূত হবে তা সংশ্লিষ্ট অর্থ বছরে মধ্যে লাভ বা ক্ষতি বিবরণীতে প্রদর্শন করতে হবে।

০২। আর্থিক বিবৃতিতে নোট # ৪ অনুযায়ী, Property Plant Equipment (PPE) এর পরিমাণ ১৯৪,০০১,৩৯৬,৫৫৯ টাকা উল্লেখ করা হয়েছে। প্রয়োজনীয় তথ্য সহ কোন স্থায়ী সম্পদ রেজিস্টার পাওয়া যায়নি। এছাড়াও কোম্পানি ট্রান্সমিশন লাইন, সাবস্টেশন এবং ল্যান্ড ডেভেলপমেন্ট শিরোনামের অধীনে CWIP থেকে PPE তে ৪৯,৩৮৩,৫৯৬,৮৫৪ টাকার পরিমাণের ৯টি প্রকল্প স্থানান্তর করেছে। ৪৯,৩৮৩,৫৯৬,৮৫৪ টাকার স্থানান্তরিত পরিমাণের মধ্যে ১,৮৮৯,২৯৩,০২৭ টাকা বৈদেশিক মুদ্রা লাভ ছিল যা সম্পূর্ণরূপে ট্রান্সমিশন লাইনের খরচের সাথে সামঞ্জস্য করা হয়েছিল। যাহোক, CWIP থেকে পিপিই-তে স্থানান্তরের সময় সম্পদের উপযুক্ত শ্রেণীবিভাগ অনুসরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য আমাদের কাছে সম্পদের কোনো আইটেম-ভিত্তিক তালিকা সরবরাহ করা হয়নি। এইভাবে আমরা ৩০ জুন ২০২৩ পর্যন্ত PPE এর ভৌত অস্তিত্ব এবং সম্পূর্ণতা নিশ্চিত করতে পারিনি। এছাড়াও, কোম্পানির পিপিই এর কিছু আইটেম বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড (বিপিডিবি, পূর্বে পিডিবি) এবং ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি, পূর্বে ডেসা) থেকে পাওয়া যা কোন বাস্তব যাচাই ব্যতীত প্রাপ্ত হয়েছে। অধিকন্তু কোম্পানি কখনও তার সম্পত্তি, স্থাপনা এবং সরঞ্জামের কোনো Impairment Test করেনি যা IAS-৩৬ এর লংঘন। কোম্পানির মোট সম্পদের মধ্যে পিপিই এর পরিমাণ হল ৩৫.৪৭% যা পরিমাণে যাচাই করা সম্ভব হয়নি।

০৩। আমরা লক্ষ্য করেছি যে, Capital Work in Progress (CWIP) ধারাবাহিকভাবে পরিশোধের ভিত্তিতে হিসাবভুক্ত করা হচ্ছে অর্থাৎ নগদ ভিত্তিতে হিসাবভুক্ত করা হচ্ছে। এর ফলে যতটুকু পরিমাণে কাজ সম্পন্ন হয়েছে কিন্তু ব্যালেন্স শীট তারিখ পর্যন্ত উক্ত কাজের বিল পরিশোধ করা হয়নি সে পরিমাণ CWIP এর অবমূল্যায়ন হয়েছে বলে

প্রতীয়মান। যাহোক, কি পরিমাণ CWIP অবমূল্যায়ন করা হয়েছে কোম্পানির ব্যবস্থাপনা তা হিসাব করেনি। তদুপরি, চলমান প্রকল্পগুলি সম্পর্কে প্রাসঙ্গিক তথ্যের অভাবে, বর্ণিত বিষয়গুলির সাথে কাজ করা এবং পর্যালোচনা করা সম্ভব হয়নি, ক) "CWIP" শিরোনামের অধীনে মোট প্রতিশ্রুতি, খ) চুক্তি করা হয়েছে কিন্তু কার্যাদেশ দেয়া হয়নি এবং গ) নতুন কোন কার্য সম্পাদনের অনুমোদন সম্পন্ন হয়েছে কিন্তু চুক্তি করা হয়নি, যার পরিমাণ উল্লেখযোগ্য। উপরন্তু, এই ব্যালেন্স শীট তারিখে চলমান প্রকল্পের কাজের ভৌত অগ্রগতি এবং সংশ্লিষ্ট বিষয়ে কোম্পানির সম্পূর্ণ দৃশ্যমানতা নেই।

০৪। আর্থিক বিবৃতিতে নোট # ৪-এ প্রকাশ করা হয়েছে, কোম্পানি ১৩,১০৮,০৪৩,৭৯৩ টাকার জমি হিসাবভুক্ত করেছে যার মধ্যে বর্তমান অর্থবছরে ৭৮৬,৩৭৭,২০৮ টাকা মূল্যের জমি সংযোজিত হয়েছে। কোম্পানি জমির মালিকানা সম্পর্কিত যথাযথ সমর্থনকারী তথ্য (যেমন Original Title Deeds, Mutation, মৌজা মানচিত্র, হালনাগাদ ভূমিউন্নয়ন কর রসিদ) প্রদান করতে পারেনি। কোম্পানি আমাদেরকে ভূমির অবস্থান, আকার এবং ভূমি মিউটেশনের স্থিতিসহ জমিগুলির একটি তালিকা প্রদান করেছে কিন্তু তালিকায় প্রতিটি খন্ড জমির Carrying Amount আলাদাভাবে উল্লেখ করা হয়নি। এছাড়াও অধিকাংশ জমির মিউটেশন সম্পন্ন হয়নি। প্রয়োজনীয় তথ্যের অভাবে, যে জমির মিউটেশন সম্পন্ন হয়নি তার মূল্য আমরা পরিমাপ করতে পারিনি। ফলস্বরূপ, আমরা ৩০ জুন ২০২৩ পর্যন্ত কোম্পানির মালিকানাধীন জমিগুলির মালিকানা এবং সম্পূর্ণতা নিশ্চিত করতে পারিনি।

০৫। আর্থিক বিবৃতিতে নোট # ৪ এ প্রকাশ করা হয়েছে যে, ট্রান্সমিশন লাইন সম্পদ হিসাবে ভুলভাবে শ্রেণীবিভাগকৃত টাকা ১১,০৭১,৭৩৯,৩৫৬ পুনরায় সাবস্টেশন, জমি, ইজারা জমি, ইনভেন্টরি অব স্টোর, আর/এম-সাবস্টেশন, Account current with head office খাতে শ্রেণীবদ্ধ করা হয়েছে যার পরিমাণ যথাক্রমে টাকা ৯,৭৫৬,৬৬৯,২৫৮, ২১৫,০২৪, ৭৫,২৪১,৬৯৯, ১,২৩৩,১৮০,৭৪৪, ৪,৯৬৭,০৬৭ এবং ১,৪৬৫,৫৬৫। ট্রান্সমিশন লাইন খাতের উপর পূর্বে ধার্যকৃত অবচয় যার পরিমাণ ছিল ৩,৪০০,৩০৬,৫৮২ টাকা তা সম্পূর্ণ সাবস্টেশন খাতের সাথে সমন্বয় করা হয়। সাবস্টেশন ব্যতীত অন্যান্য আইটেম যেগুলোর উপর অবচয় ধার্য করার কথা নয় কিন্তু ধরা হয়েছে তা সমন্বয় করা হয়নি। ফলশ্রুতিতে, সম্পদের মূল্য কম দেখানো হচ্ছে। প্রয়োজনীয় তথ্যের অভাবে, আমরা ক্রটির পরিমাণ পরিমাপ করতে পারিনি। আমাদের বিশ্বাস, যদি সংশ্লিষ্ট অবচয় পরিমাণ সমন্বয় করা হত, তবে এই অবচয়ের মূল্য আর্থিক বিবরণীর জন্য Material হত বলে প্রতীয়মান।



০৬। আর্থিক বিবৃতিতে প্রকাশিত নোট #৫ এ, Capital works-in-progress এর মধ্যে ৫টি সমাপ্ত প্রকল্পের ৪৫,৫০১,৫১১,০৬৮ টাকা রয়েছে যা ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। সমাপ্ত প্রকল্পের উক্ত Capital works-in-progress, PPE তে স্থানান্তর করা উচিত ছিল, কিন্তু এখনও PPE তে স্থানান্তর করা হয়নি। ফলে, চলতি বছরের Capital works-in-progress বেশি প্রদর্শিত হয়েছে এবং সমপরিমাণ PPE কম প্রদর্শিত হয়েছে। PPE কম প্রদর্শনের ফলে চলতি বছরের অবচয় কম দেখানো হয়েছে। ফলে, উক্ত বছরের loss/ক্ষতি সেই পরিমাণে কম দেখানো হয়েছে।

এছাড়াও, প্রয়োজনীয় তথ্যসহ অথবা সম্পদের আইটেম-ভিত্তিক তালিকাসহ কোন প্রকল্পের CWIP সম্পদ রেজিস্টার আমাদের কাছে সরবরাহ করা হয়নি এটা নিশ্চিত করার জন্য যে CWIP এর অধীনে সম্পদ সঠিক খাতে Capitalized করা হয়েছে।

০৭। আর্থিক বিবৃতিতে প্রকাশিত নোট #৮ এ, কোম্পানি “Accounts and other receivables” হিসাবে ১১,৭৩৭,৩৪৩,১৮৩ টাকা প্রদর্শন করেছে। তন্মধ্যে বিপিডিবি, ডিপিডিসি, ডেসকো, পিবিএস, ওজোপাড়িকো, নেসকো এবং ওপিজিডিবিউ থেকে প্রাপ্য অন্তর্ভুক্ত রয়েছে যার পরিমাণ যথাক্রমে ৬,৯৬২,২৬৮,৫৩৭ টাকা; ১,০২৫,০৯১,৫৪২ টাকা; ৫৭১,৩০১,৭৮৮ টাকা;

২,৪৭২,৮১১,০৩০ টাকা; ২২২,২৪৪,৮০০ টাকা; ৩৬০,৮৮২,০৪৩ টাকা এবং ৮,৮৪৩,১৭৩ টাকা। উল্লিখিত পরিমাণ প্রতি বছর (ডিপিডিসি ব্যতীত) বৃদ্ধি পাচ্ছে। এতে বিপিডিবি, পিবিএস এবং ওজোপাড়িকো সাথে বিরোধপূর্ণ পরিমাণ রয়েছে যার পরিমাণ যথাক্রমে ৫,৬২৫,৯১০,২২৮ টাকা, ৪৩,১৫৪,৮৩২ টাকা এবং ৪০০,৫০৮ টাকা (মোট ৫,৬৬৯,৪৬৫,৫৬৮ টাকা)। আমাদের মতে, কোম্পানির পক্ষে সম্পূর্ণ অর্থ পুনরুদ্ধার করার সম্ভাবনা খুবই কম এবং এর জন্য কোন Provision করা হয়নি।

০৮। আর্থিক বিবৃতিতে প্রকাশিত নোট #২১ এ, কোম্পানি ৮,৩৮২,৪২৩,৩৯৭ টাকা “Contractors earnest/security/retention money” হিসাবে প্রদর্শন করেছে। আমরা লক্ষ্য করেছি যে কিছু প্রকল্পে সরবরাহকারীদের থেকে Retention Money কেটে নেওয়া হয়েছে কিন্তু এই Retention Money কোন খাতে হিসাবভুক্ত করা হয়নি। ফলে, উল্লিখিত Unrecorded Retention Money এর জন্য সম্পদ (CWIP) এবং দায় কম প্রদর্শিত হয়েছে। যেহেতু আমাদের সমস্ত চলমান এবং সমাপ্ত প্রকল্পের সম্পূর্ণ Unrecorded Retention Money তথ্য এর সরবরাহ করা হয়নি, তাই আমরা Unrecorded Retention Money এর সঠিক পরিমাণ নির্ধারণ করতে পারিনি। আমাদের যে ৪টি চলমান প্রকল্প এবং ১টি গ্রিড সার্কেল এর তথ্য সরবরাহ করা হয়েছে তার Unrecorded Retention Money এর বিস্তারিত নিম্নে উল্লেখ হল:

প্রকল্প/জিএমডি নাম	Unrecorded Retention Money 2022-2023	Unrecorded Retention up to 30 June 2023
গ্রিড ভিত্তিক বিদ্যুৎ সরবরাহে দক্ষতা উন্নয়ন প্রকল্প	Not specified	৭৭৪,৫৫১,১১১
ঢাকা-চট্টগ্রাম মেইন পাওয়ার গ্রিড স্ট্রেন্থেনিং প্রকল্প	৪২০,৮২২,৭৭১	২,৫৮৮,৩৬৮,৯৪৩
৪০০ কেভি জিএনডি প্রকল্প	২০৬,২২৫,৯৪৩	৭৮৫,৭১২,৫৫০
গ্রিড সার্কেল, ঢাকা-উত্তর - WIP	৪,৯৮৭,৯৮৬	১৪,০০০,৭৯৭
পটুয়াখালী (পায়রা)- গোপালগঞ্জ ৪০০ কেভি সম্বলন লাইন প্রকল্প	৭১২,৭৪৪	২৫৩,৬৫১,৪৭৫
সর্বমোট	৬৩২,৭৪৯,৪৪৪	৪,৪১৬,২৮৪,৮৭৬

৯। আর্থিক বিবৃতিতে নোট # ২১.৪-এ কোম্পানি ‘কর্পোরেশন এবং অন্যান্য অফিসের সাথে চলতি হিসাব’ এ ১১৪,৭২৩,০৪০ টাকা নীট প্রদেয় হিসাবে প্রকাশ করেছে যার মধ্যে রয়েছে ইচউই-কে প্রদেয় অর্থের পরিমাণ ১১৪,৭৪৫,৩৫৮ টাকা এবং IBSB প্রকল্প-নগদ খেলাপি (প্রাপ্য পরিমাণ) ৬৩৭,৫৩৬,৭৬৮ টাকা। এই পরিমাণ টাকা দীর্ঘ সময়ের জন্য অপরিবর্তিত আছে। উপরে উল্লিখিত পরিমাণের মধ্যে, ২০১০-১১ সালে IBSB প্রকল্প-নগদ খেলাপির জন্য প্রাপ্য সম্পূর্ণ অর্থের বিপরীতে প্রভিশন করা হয়েছে কিন্তু প্রাপ্য হিসাবকে রাইট অফ করার জন্য এখনও কোনও পদক্ষেপ নেওয়া হয়নি।

১০। আর্থিক বিবৃতিতে নোট # ১২ এ, কোম্পানি ‘শেয়ারের জন্য আমানত’ হিসাবে ১০৫,৪৮৬,৭০৯,৯৯০ টাকা প্রকাশ করেছে। গেজেট #১৪৬/এফআরসি/প্রশা./প্রজ্ঞাপন/২০২০/০১ তারিখ ০২ মার্চ, ২০২০ অনুসারে, শেয়ার মানি ডিপোজিট (এসএমডি) হিসাবে প্রাপ্ত যে কোন অর্থ বা ইকুইটিতে অন্তর্ভুক্ত যে নামেই হোক না কেন, ফেরতযোগ্য নয় এবং এসএমডির অধীনে প্রাপ্ত অর্থ, অর্থ প্রাপ্তির ৬ মাসের মধ্যে মূলধন শেয়ার রূপান্তর করা উচিত। উপরে উল্লিখিত গেজেটে আরও প্রয়োজন যে, এসএমডিকে শেয়ার ক্যাপিটালে রূপান্তর না করা পর্যন্ত, এসএমডির পরিমাণ সম্ভাব্য শেয়ার মূলধন হিসাবে

বিবেচনা করা উচিত এবং কোম্পানির শেয়ার প্রতি আয়ের গণনার জন্যও। ২০২২-২৩ ও ২০২১-২২ সালে কোম্পানি কর্তৃপক্ষের সমন্বয়ের অংশ হিসাবে যথাক্রমে ৩৬,৮৩২,১৪২ ও ১,৮০০,০৩৮,৩৭২ টাকা SMD ফেরত দিয়েছে (সরকারের প্রদত্ত SMD এর অতিরিক্ত অংশ)।

০২ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত PGCB-এর EGM-এ কোম্পানির দ্বারা সাধারণ শেয়ার এবং অগ্রাধিকার শেয়ার ইস্যু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং ২৩ অক্টোবর ২০২৩ তারিখে পরিশোধিত মূলধন বাড়ানোর জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে আবেদন করা হয়েছে যা প্রক্রিয়াধীন রয়েছে।

- ১১। আর্থিক বিবৃতিতে নোট # ১৪.৩-এ, কোম্পানি ৩,৫৯৯,১৭২,৩২১ টাকা (২০২১-২২: ৩,৫৯৯,১৭২,৩২১ টাকা) 'DPDC (DESA) থেকে নির্ধারিত ঋণ' হিসাবে প্রকাশ করেছে। 'DPDC (DESA) থেকে নির্ধারিত ঋণ'-এর ক্ষেত্রে, কোম্পানি দীর্ঘদিন ধরে কোনো সুদ না নিয়ে একই ব্যালেন্স বহন করে আসছে। এছাড়াও, ঋণের ভারসাম্য যাচাই করার জন্য এই ধরনের বরাদ্দকৃত ঋণের সমর্থনে কোনো নথি পাওয়া যায়নি। এটিও উল্লেখ্য যে, ২০২২-২৩ সালের জন্য DPDC-এর নিরীক্ষিত আর্থিক বিবরণীতে, বর্ণিত বিষয়ে PGCB -এর জন্য কোনও প্রাপ্য হিসাবের স্বীকৃত পাওয়া যায়নি।

অধিকন্তু, আমাদেরকে মোট ঋণের অনুমোদনের পরিমাণ, ঋণের পরিশোধ সময়সূচী, যদি থাকে, প্রদান করা হয়নি যা নির্দেশ করে যে তারা যে ঋণ নিয়েছে এবং হিসাবভুক্ত করেছে তাতে কোম্পানির সম্পূর্ণ দৃশ্যমানতা নেই।

### বহিঃ নিরীক্ষকের পর্যবেক্ষণের বিষয়ে পিজিসিবি'র বক্তব্য

- ০১। ২০২২-২৩ অর্থবছরে পিজিসিবি ২,৫৭৬.৫৯ কোটি টাকা Foreign Exchange Loss Fluctuation Loss এর সম্মুখীন হয়েছে যার মধ্যে ১,২৭৪.৬৫ কোটি টাকা Profit or loss statement এ হিসাবভুক্ত করা হয়েছে এবং অবশিষ্ট ১,৩০১.৯৪ কোটি টাকা যা চলমান প্রকল্পের সাথে সংশ্লিষ্ট তা কোম্পানি আইন, ১৯৯৪ এর ধারা ১৮৫ (তফসিল-১১, পার্ট-১) মোতাবেক Capital work in progress এর আওতাধীন মূলধনায়িত করা হয়েছে।
- ০২। পিজিসিবি পাইলট প্রকল্পের আওতায় স্থায়ী সম্পদ এবং মজুদপণ্য সহ সমস্ত সম্পদের প্রকৃত যাচাইকরণের জন্য Khan Wahab Shafiq Rahman & Co. Chartered Accountants in Joint Venture with S.R. Islam & Co. Chartered Accountants (JV of KWSR-SR Islam) কে পরামর্শক সংস্থা হিসেবে নিয়োগ করেছে। যদি পাইলট প্রকল্পের অধীনে প্রাথমিক পর্যায়ে চারটি অফিসের জন্য স্থায়ী সম্পদ শনাক্তকরণ, যাচাইকরণ, মূল্যায়ন

এবং রেকর্ডিং এর মাধ্যমে স্থায়ী সম্পদের রেজিস্টার তৈরি করতে সফলভাবে সক্ষম হয়, তবে একই প্রক্রিয়া পিজিসিবি'র অন্য অফিসগুলির জন্য প্রয়োগ করা হবে। এছাড়াও, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে মাইক্রোসফট ডায়নামিক্স ৩৬৫ বিজনেস সেন্ট্রাল এর স্থায়ী সম্পদ মডিউল বাস্তবায়নের কাজ পিজিসিবি-তে চলমান রয়েছে। ফিল্ড অ্যাসেস্ট মডিউল বাস্তবায়ন হলে, একটি হালনাগাদ ফিল্ড অ্যাসেস্ট রেজিস্টার পাওয়া যাবে।

- ০৩। পিজিসিবি এই ক্ষেত্রে বকেয়া ভিত্তিক হিসাবরক্ষণ পদ্ধতি অনুসরণ করবে।

- ০৪। পিজিসিবি'র মালিকানাধীন জমিসমূহ মূলত বিপিডিবি থেকে প্রাপ্ত এবং কিছুক্ষেত্রে পিজিসিবি কর্তৃক অধিগ্রহণকৃত/ক্রয়কৃত। বিপিডিবি থেকে প্রাপ্ত জমি সমূহ ভেদর এগ্রিমেন্ট এবং পিজিসিবি কর্তৃক অধিগ্রহণকৃত জমিসমূহের মালিকানা এলএ গেজেটের মাধ্যমে পিজিসিবিতে হস্তান্তরিত হয়। অডিটরগণ এসকল জমির মালিকানা প্রমাণক হিসেবে টাইটেল দলিল চেয়েছিল কিন্তু ভেদর এগ্রিমেন্ট এবং এলএ গেজেট মূলে মালিকানা হস্তান্তর হওয়ায় টাইটেল দলিল এসকল জমির ক্ষেত্রে প্রযোজ্য নয়। এক্ষেত্রে ভেদর এগ্রিমেন্ট এবং এলএ গেজেটকে ভূমিঅফিস কর্তৃক মূল দলিল হিসেবে মূল্যায়ন করা হয়।

উল্লেখ্য, বিপিডিবি থেকে ভেদর এগ্রিমেন্ট এর মাধ্যমে ১০১ স্থানে প্রায় ৭৪২.০৩ একর জমি পিজিসিবিতে হস্তান্তরিত হয়েছে। নোট-০৪ এ উল্লেখিত জমি সমূহের মূল টাইটেল দলিল, বিএস, আরএস, সিএস মিউটেশন, ডিসিআর এবং মৌজা ম্যাপ বিপিডিবি কর্তৃক প্রদান করা হয়নি বিধায় অডিটরদের প্রদান করা সম্ভব হয়নি। এক্ষেত্রে বর্ণিত জমিসমূহ পিজিসিবি'র নামে নামজারির লক্ষ্যে এনওসি প্রদানের জন্য বিপিডিবি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। বিপিডিবি হতে এনওসি প্রাপ্তি সাপেক্ষে পিজিসিবি'র নামে নামজারি সম্পাদন এবং মিউটেশন, ডিসিআর এবং সম্পর্কিত দলিলাদি প্রদান করা সম্ভব হবে বলে আশা করা যায়।

পিজিসিবি কর্তৃক অধিগ্রহণকৃত ৪৭ টি স্থানের জমির মধ্যে ৪৫ টি স্থানের জমির নামজারি সহ প্রয়োজনীয় দলিলাদি রয়েছে। উল্লেখিত জমির অধিকাংশই অধিগ্রহণকৃত এবং এলএ গেজেটভুক্ত। বাকি ২টির নামজারির কাজ চলমান আছে।

- ০৫। সামগ্রিক অবচয়কে সাবস্টেশন এবং অন্যান্য আইটেমগুলির সাথে সমন্বয় করা হবে।

- ০৬। প্রকল্পের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও কিছু প্রকল্প অফিসের পিসিআর এখনও সম্পন্ন হয়নি। ফলস্বরূপ, Capital work in progress স্থায়ী সম্পদে স্থানান্তরিত হয়নি। আশা করা যায় যে ২০২৩-২৪ অর্থবছরে এই ধরনের সমস্যার সমাধান হবে।

০৭।

**(ক) বিপিডিবি**

